



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০১৬/

তারিখ-১৫/১১/২০১৬

”চুয়াডাঙ্গা পৌরসভার উদ্যোগে ইভটিজিং এর বিরুদ্ধে মানববন্ধন কর্মসূচী পালন”



চুয়াডাঙ্গা পৌরসভার উদ্যোগে ইভটিজিং
এর বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির জন্য
মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত



তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-111)
আওতাধর জেডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের অর্কে ইভটিজিং এর বিরুদ্ধে

মানববন্ধন

তারিখঃ ১৪/১১/২-১৬ সময়ঃ ৯.৩০ ঘটিকা

গতকাল সকাল সাড়ে ১০টায়
পৌরসভার বাংলাদেশ সরকার,
ADB I OFID অর্থায়নে চলমান
তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো
উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প
(ইউজিআইআইপি-৩), (The
Urban Governance and
Infrastructure Improvement
(Sector) Project- UGIIP-
প্রকল্প (২ পাতার ২ কলামে দেখুন)

চুয়াডাঙ্গা পৌরসভার

(প্রথম পাতার পর)

এর সহযোগীতায় জেডার এ্যাকশন
প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে ইভটিজিং
এর বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির জন্য
চুয়াডাঙ্গা পৌরসভা উদ্যোগে শহীদ
আবুল কাশেম সড়কে (পৌরসভার
গেটের সামনে) এক বিশাল
মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়।
মানববন্ধন কর্মসূচীতে নেতৃত্ব দেন
পৌরসভার প্যানেল মেয়র-০১ মোঃ
একরামুল হক মুক্তা। মানববন্ধন
কর্মসূচীতে উপস্থিত ছিলেন
পৌরসভার সকল সম্মানিত
কাউন্সিলর, প্রকল্পের স্থানীয় প্রতিনিধি,
পৌরসভার সকল স্থরের কর্মকর্তা-
কর্মচারীগণ। মানববন্ধন কর্মসূচীতে
বক্তব্য রাখেন-ইভটিজিং এর বিরুদ্ধে
জনসচেতনতা মূলক বক্তব্য রাখেন-
জেডার এ্যাকশন প্লানের সম্মানিত
সভাপতি ও কাউন্সিলর সুলতানা আরা



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০১৬/

তারিখ-১৫/১১/২০১৬



চুয়াডাঙ্গায় জেভার অ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে ইভটিজিঙের বিরুদ্ধে মানববন্ধনে বক্তারা
ইভটিজিং প্রতিরোধে সবস্তরের মানুষকে এগিয়ে আসতে হবে

স্টাফ রিপোর্টার: চুয়াডাঙ্গায় ইভটিজিং প্রতিরোধে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০টার দিকে চুয়াডাঙ্গা পৌরসভার আয়োজনে পৌরসভার প্রধান ফটকের সামনে বাংলাদেশ সরকারের এডিবি এবং ওএফআইডি'র অর্থায়নে চলমান তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় জেভার অ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে ইভটিজিঙের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পৌরসভার উদ্যোগে ওই মানববন্ধন করা হয়। এ সময় পৌরসভার প্যানেল মেয়র-১ একরামুল হক মুক্তা, জেভার অ্যাকশন প্লানের সভাপতি কাউন্সিলর সুলতানা আরা রত্না, সচিব কাজি শরিফুল ইসলাম, প্রকল্পের স্থানীয় প্রতিনিধি নাজমুল হোসেন, স্যানিটারী ইনস্পেক্টর (২ পাতার ৬ কলামে দেখুন)



চুয়াডাঙ্গায় ইভটিজিঙের প্রতিবাদে মানববন্ধন

ইভটিজিঙের বিরুদ্ধে মানববন্ধনে

(প্রথম পাতার পর)

কামরুল ইসলামসহ সকল কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীগণ মানববন্ধনে অংশ নেন। মানববন্ধনে বক্তারা বলেন, ইভটিজিং একটি সামাজিক ব্যাধি। ওই ইভটিজিঙের কারণে সমাজ তথা দেশের উন্নয়ন বাঁধা গ্রস্থ হচ্ছে। সামাজিক অপরাধের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা সকলের নৈতিক দায়িত্ব। দেশের বিভিন্ন স্থানে ইভটিজিঙের ঘটনা ঘটছে। বখাটেদের উৎপাতে আত্মহত্যার পথ বেঁচে নিচ্ছে স্কুল কলেজ পড়ুয়া অনেক কিশোরী। তাই ইভটিজিঙের বিরুদ্ধে সকলকে সম্মিলিতভাবে ব্যাপক প্রতিরোধ গড়ে তুলতে হবে। ইভটিজিং প্রতিরোধে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান তারা।